---

**জগদ্ধাত্রী স্তোত্রম্**

আধারভূতে চাধেয়ে ধৃতিরূপে ধুরন্ধরে ।
ধ্রুবে ধ্রুবপদে ধীরে জগদ্ধাত্রি নমোহস্তু তে ।।১

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি আধার ও আধেয়স্বরূপিণী , আধেয় মানে ' যা ধারনা করা যায় না ' এও হতে পারে। তুমি ধারন- শক্তিরূপিণী এবং ধুরন্ধর রূপে সর্বকর্মবিধাত্রী , তুমি ধ্রুব (অটল) সনাতনী, শাশ্বতধামরূপিণী ও অবিচলিতস্বভাবা – তোমায় নমস্কার । ১

শবাকারে শক্তিরূপে শক্তিস্থে শক্তিবিগ্রহে ।
শাক্তাচারপ্রিয়ে দেবি জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ২

এর অর্থ- তুমিই শব, তুমিই শক্তি ; তুমি সমস্ত শক্তিতে অবস্থিতা এবং তুমিই সর্বশক্তিস্বরূপিণী ; তুমি শাক্তোচিত আচারে সন্তুষ্টা হও ; হে দেবি জগদ্ধাত্রি, তোমায় নমস্কার । ২

জয়দে জগদানন্দে জগদেকপ্রপূজিতে ।
জয় সর্বগতে দুর্গে জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ৩

এর অর্থ- হে দুর্গে, তুমি জয় দায়িনী ও জগতের আনন্দস্বরূপিণী চিৎশক্তি, জগতে একমাত্র তুমিই প্রকৃতরূপে পূজিতা কারণ তুমিই ব্রহ্ম । তুমি সর্বব্যাপিণী, - তোমার জয় হউক , হে জগদ্ধাত্রি, তোমায় নমস্কার । ৩

পরমাণুস্বরূপে চ দ্ব্যণুকাদিস্বরূপিণি ।
স্থূলাদিসূক্ষ্মরূপে চ জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ৪

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি পরমাণুস্বরূপা এবং দ্ব্যণুকাদিস্বরূপা ( atoms and molecules ) , যা কিছু স্থূল ও সূক্ষ্ম রূপে সৃষ্টির মধ্যে অবস্থান করে, সে সব তুমি। তোমায় নমস্কার । ৪

সূক্ষ্মাতিসূক্ষ্মরূপে চ প্রাণাপাণাদিরূপিণি ।
ভাবাভাবস্বরূপে চ জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ৫

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি সূক্ষ্ম ও অতিসূক্ষ্মরূপিণী , তুমি প্রাণ ও অপানাদি পঞ্চবায়ু স্বরূপিণী , তুমি ভাব ও অভাবরূপিণী , তোমায় নমস্কার । ৫

কালাদিরূপে কালেশে কালাকালবিভেদিনি ।
সর্বস্বরূপে সর্বজ্ঞে জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ৬

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি কাল প্রভৃতি রূপিণী , তুমি কালের ঈশ্বরী, তুমি কাল ও কালাতীত বস্তুর বিভেদের কারণ ( time and its divisions ) , তুমি সর্বস্বরূপা ও সর্বজ্ঞা – তোমায় নমস্কার । ৬

মহাবিঘ্নে মহোৎসাহে মহামায়ে বরপ্রদে ।
প্রপঞ্চসারে সাধ্বীশে জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ৭

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি মহাবিঘ্নস্বরূপিণী আবার তুমিই মহাউৎসাহরূপিণী ( মানে বিঘ্ন ও বিঘ্নহর্তা দুই ই তুমি) । তুমি মহামায়া, বরপ্রদায়িনী , এই জগৎ প্রপঞ্চের সার , সাধুগণের ঈশ্বরী – তোমায় নমস্কার । ৭

অগম্যে জগতামাদ্যে মাহেশ্বরি বরাঙ্গনে ।
অশেষরূপে রূপস্থে জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ৮

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি অগম্যা , নিখিল জগতের আদি, মহেশ্বরপত্নী , বরাঙ্গনা , অশেষসৌন্দর্যস্বরূপা / অশেষ নাম রূপের মধ্যে তোমার অবস্থান , তুমি সর্বরূপে অধিষ্ঠিতা,- তোমায় নমস্কার । ৮

দ্বিসপ্তকোটিমন্ত্রাণাং শক্তিরূপে সনাতনি ।
সর্বশক্তিস্বরূপে চ জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ৯

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি বাহাত্তর কোটি মন্ত্রের শক্তিস্বরূপিণী , তুমি সনাতনী ও সকল শক্তিস্বরূপা;- তোমায় নমস্কার । ৯

তীর্থযজ্ঞতপোদানযোগসারে জগন্ময়ি ।
ত্বমেব সর্বং সর্বস্থে জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ১০

এর অর্থ- হে জগদ্ব্যাপিণী , তুমি তীর্থ, যজ্ঞ, তপস্যা, দান ও যোগের সারভূতা , তুমিই সর্বস্বরূপিণী ; তুমি ই সব কিছু ও সব কিছুর মধ্যে অবস্থিতা হে জগদ্ধাত্রি, তোমায় নমস্কার । ১০

দয়ারূপে দয়াদৃষ্টে দয়ার্দ্রে দুঃখমোচনি ।
সর্বপত্তারিকে দুর্গে জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ১১

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি দয়াস্বরূপা, কৃপাদৃষ্টিস্বরূপা , করুণাময়ী , দুঃখ-বিনাশিনী, সর্ববিঘ্নবিনাশিনী ; হে দুর্গে তোমায় নমস্কার । ১১

অগম্যধামধামস্থে মহাযোগীশহৃৎপুরে ।
অমেয়ভাবকূটস্থে জগদ্ধাত্রি নমোহস্তু তে ।। ১২

এর অর্থ- হে জগদ্ধাত্রি, তুমি অগম্যলোকেঅধিষ্ঠিত মহাযোগীশ্বর মহদেবের হৃদয়পুর নিহিত অসীম ও অতুলনীয় কূটস্থ ভাবরাশিমধ্যে অধিষ্ঠিতা;- তোমায় নমস্কার ।। ১২